বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
অডিট বিভাগ
সদরদপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.০০০.৩১১.১৬.০০০১.২৫/ ১১৫৯ তারিখ: ১০/০৭/২০২৫

বিষয়: ভ্রমণ ভাতা বিল প্রস্তুত, দাখিল ও পরিশোধের ক্ষেত্রে বিধি-বিধান অনুসরণের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত অবহিতকরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যে, অর্থ মন্ত্রণালয় এর অর্থ বিভাগের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৭৩.৩৪.০০৭.১৫(অংশ-২).৭৮; তারিখ: ১৪/০৭/২০২২ এর মাধ্যমে সকল সরকারি কর্মচারীর দৈনিকভাতা, ভ্রমণভাতা এবং বদলিজনিত ভ্রমণভাতা পুনঃনির্ধারণ করা হয়; যা ০১/১০/২০২২ তারিখ থেকে কার্যকর হয় এবং পরবর্তীতে বিল দাখিল সংক্রান্ত আরো কিছু সিদ্ধান্ত/ নির্দেশনা জারী করা হয়। বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৩০ (ভ্রমণ ভাতা, ইত্যাদি) এর আলোকে উক্ত আদেশ/ সিদ্ধান্ত/ নির্দেশনাসমূহ পর্যালোচনাক্রমে ম্যানুয়ালি বিল প্রস্তুত, দাখিল ও পরিশোধের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত নিম্নরূপ:

"iBAS++ এর ওয়েবসাইট এর টিএ/ডিএ দূরত্ব নির্ণায়ক ব্যবহার করে নির্ণিত দূরত্বকে কর্তৃপক্ষের কর্মচারীগণের ভ্রমণভাতার উদ্দেশ্যে 'আদর্শ দূরত্ব (Standard Distance)' হিসেবে অনুসরণ করে প্রযোজ্য অন্যান্য বিধি-বিধান মোতাবেক ভ্রমণভাতা বিল প্রস্তুত, দাখিল ও পরিশোধ করতে হবে। ভ্রমণ বিলের সাথে iBAS++ এর ওয়েবসাইট থেকে নির্ণিত/ সংগৃহীত ভ্রমণ শুরুর স্থান হতে গন্তব্যস্থলের দূরত্বের প্রমাণক সংযুক্ত করতে হবে।"

২.০ এতে চেয়ারম্যান মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

১০/০৭/২০২৫
মোহাম্মদ নূরুল ইসলাম
পরিচালক (অডিট)
ফোন নম্বর: ৪১০৯১০৬২
ইমেইল: daudit@caab.gov.bd

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে):

১। আহরণ ও ব্যয়ন কর্মকর্তা ( ... ... ... ... ... ... ... ..... .... .... ....... ... ... ... ... )
সকল ইউনিট, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (মাধ্যম: ডি-নথি/ ইমেইল/ সরাসরি); এবং
২। সকল কর্মচারী, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (মাধ্যম: কর্তৃপক্ষের ওয়েবসাইট)।

অনুলিপি (সদয় অবগতি/ কার্যার্থে):

১। সদস্য (সকল), ... .... ... ..... .../ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য); এবং
৩। পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ(চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।